79

দৈনিক বাংলা

তারিখ ... 12 JUL 1997 ...
পৃষ্ঠা ৭ কলাম ১ ......

# থানা প্রাথমিক শিক্ষা কমিটিতে সংসদ সদস্যকে অন্তর্ভুক্ত করা হয়েছে

থানা প্রাথমিক শিক্ষা কমিটি আরও সক্রিয়, কার্যকর ও ফলপ্রসূ করার লক্ষ্যে সরকার এ কমিটিকে পুনর্গঠন করেছে। নবগঠিত কমিটিতে সংশ্লিষ্ট থানার সংসদ সদস্যকে উপদেষ্টা হিসাবে অন্তর্ভুক্ত করা হয়েছে। এ কমিটিতে জেলা প্রশাসক এবং জেলা পর্যায়ের কর্মকর্তা কর্তৃক সীমিত সংখ্যক মনোনীত ব্যক্তিদের মনোনয়নের ব্যবস্থা করা হয়েছে। কমিটির মেয়াদকাল ৩ বছর।

পুনর্গঠিত থানা প্রাথমিক শিক্ষা কমিটিতে থানা নির্বাহী কর্মকর্তাকে চেয়ারম্যান এবং থানা শিক্ষা কর্মকর্তাকে সদস্য সচিব করা হয়েছে। খবর তথ্য বিবরণীর।

এ কমিটির অপরাপর সদস্যরা হলেন ঃ থানা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, থানা প্রকৌশলী, জেলা প্রশাসক কর্তৃক মনোনীত একজন ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান অথবা পৌরসভার ওয়ার্ড কমিশনার, জেলা শিক্ষা অফিসার কর্তৃক মনোনীত উচ্চ বিদ্যালয়ের একজন প্রধান শিক্ষক বা শিক্ষিকা, জেলা মহিলা বিষয়ক কর্মকর্তার সঙ্গে আলোচনাক্রমে জেলা প্রশাসক মনোনীত থানা নিবাসী একজন বিশিষ্ট মহিলা শিক্ষাবিদ, জেলা প্রশাসক মনোনীত থানার একজন বিশিষ্ট শিক্ষানুরাগী ব্যক্তি, জেলা প্রাথমিক শিক্ষা অফিসারের সঙ্গে আলোচনাক্রমে জেলা প্রশাসক কর্তৃক মনোনীত কোন সরকারী প্রাথমিক বিদ্যালয়ের ম্যানেজিং কমিটির সভাপতি, জেলা প্রাথমিক শিক্ষা অফিসারের সঙ্গে আলোচনাক্রমে জেলা প্রশাসক মনোনীত কোন সরকারী প্রাথমিক বিদ্যালয়ের একজন প্রধান শিক্ষক বা শিক্ষিকা এবং জেলা প্রাথমিক শিক্ষা অফিসারের সঙ্গে আলোচনা সাপেক্ষে জেলা প্রশাসক মনোনীত কোন রেজিস্টার্ড বেসরকারী প্রাথমিক বিদ্যালয়ের একজন প্রধান শিক্ষক বা শিক্ষিকা।

একটি থানার সকল মনোনয়ন সম্পন্ন হবার পর জেলা প্রাথমিক শিক্ষা অফিসার ঐ থানা কমিটি গঠনের প্রজ্ঞাপন জারি করবেন।